গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৭৮

# টাইফয়েড টিকাদান কার্যক্রম সফল করতে সব দপ্তরের দায়িত্ব রয়েছে
## - গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক

রাজশাহী; ১০ আশ্বিন, (২৫ সেপ্টেম্বর):

গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক ফায়জুল হক বলেছেন, সরকারের বিনামূল্যে টিকাদান কার্যক্রমের প্রধান কাজগুলো স্বাস্থ্য বিভাগ করে, কিন্তু এ কার্যক্রম সফল করতে স্বাস্থ্য বিভাগের পাশাপাশি প্রশাসন, শিক্ষা, তথ্যসহ সব দপ্তরের দায়িত্ব রয়েছে।

আজ বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) সকালে রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন -২০২৫ উপলক্ষ্যে আয়োজিত এক ওরিয়েন্টেশন কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতা ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এ মন্তব্য করেন। জেলা তথ্য অফিস এ কর্মশালার আয়োজন করে।

ফায়জুল হক বলেন, বর্তমানে সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রভূত উন্নয়ন ঘটেছে। এ মাধ্যমের কোনো এডিটর না থাকায় এখানে যার যেমন ইচ্ছা কনটেন্ট ছেড়ে দিচ্ছে। টাইফয়েট টিকা নিয়েও এমনটা হতে পারে। তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে নেতিবাচক প্রচারণা বিষয়ে সকলকে সতর্ক থাকার আহ্বান জানান।

জেলা প্রশাসক আফিয়া আখতারের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় জেলার স্কাউট ও গার্লস গাইডের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

জেলা প্রশাসক স্কাউট ও গার্লস গাইডদের উদ্দেশে বলেন, তোমরা এ টিকার জন্য নিজেরা রেজিস্ট্রেশন করবে। তোমাদের স্কুল ও আশেপাশের সবাইকে রেজিস্ট্রেশন করার জন্য উদ্বুদ্ধ করতে হবে। এই রেজিস্ট্রেশনের জন্য জন্মনিবন্ধন থাকা দরকার, তাই জন্মনিবন্ধন কোথায় করা যায় তোমরা সেটাও সবাইকে জানাবে।

এসময় কওমি মাদ্রাসায় রেজিস্ট্রেশন নিশ্চিত করতে তিনি ইসলামিক ফাউন্ডেশনের পরিচালককে অনুরোধ জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জেলা তথ্য অফিসের পরিচালক তাজকীয়া আকবারী, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক মো. আনিসুজ্জামান সিকদার, অতিরিক্ত জেলা প্রশাসক টুকটুক তালুকদার, ডেপুটি সিভিল সার্জন ডা. মোসা. মাহবুবা খাতুন, জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরীন, ইউনিসেফ বাংলাদেশের রাজশাহী ও রংপুর বিভাগের প্রধান এ এইচ তৌফিক আহমেদ প্রমুখ বক্তৃতা করেন।

...................................................................

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৫/১৭:৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd